ঢাকা বিশ্ববিদ্যালয়

৫২তম সমাবর্তন-২০১৯

আদিষ্ট হয়ে এতদ্বারা জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫২তম সমাবর্তন আগামী ৯ ডিসেম্বর, ২০১৯ তারিখ, সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা কেন্দ্রের খেলার মাঠে, একইসাথে অধিভুক্ত ঢাকা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, সরকারি বাঙলা কলেজ এবং সরকারি তিতুমীর কলেজের সমাবর্তন ঢাকা কলেজ ক্যাম্পাসে এবং ইডেন মহিলা কলেজ ও বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজের সমাবর্তন ইডেন মহিলা কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। সমাবর্তনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর জনাব মোঃ আবদুল হামিদ সভাপতিত্ব করবেন।

সমাবর্তনে ৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ হতে ৫২তম সমাবর্তন-২০১৯ এর আবেদনের শেষ তারিখ অর্থাৎ ১৮ আগস্ট ২০১৯ তারিখ, রবিবার পর্যন্ত যেসব গ্র্যাজুয়েটের নিম্নে উল্লেখিত পরীক্ষাসমূহের ফলাফল প্রকাশিত হয়েছে/হবে তারা অংশগ্রহণ করতে পারবেন।

নং	ডিগ্রি	পরীক্ষার সন
১.	পিএইচডি	২০১৮ ও ২০১৯
২.	এমফিল	২০১৮ ও ২০১৯
৩.	ডিবিএ	২০১৯
৪.	বিএ সম্মান	২০১৮
৫.	বিএসএস সম্মান	২০১৮
৬.	বিএস/ বিএসসি ইঞ্জিনিয়ারিং সম্মান	২০১৭ ও ২০১৮
৭.	বিবিএ সম্মান	২০১৭ ও ২০১৮
৮.	বিফার্ম সম্মান	২০১৮
৯.	বিএফএ সম্মান	২০১৮
১০.	বিডিএম সম্মান	২০১৭ ও ২০১৮
১১.	বিএড সম্মান	২০১৭ ও ২০১৮
১২.	এলএলবি সম্মান	২০১৮
১৩.	বিএসসি ইন লেদার, ফুটওয়্যার ও লেদার প্রোডাক্টস ইঞ্জিনিয়ারিং	২০১৭
১৪.	এমএ	২০১৭ ও ২০১৮
১৫.	এলএলএম	২০১৭
১৬.	এমএস	২০১৭ ও ২০১৮
১৭.	এমএসএস	২০১৭ ও ২০১৮
১৮.	এমবিএ	২০১৭
১৯.	এমএড	২০১৭
২০.	এমডিএম (নিয়মিত কলা)	২০১৭
২১.	এমডিএস	২০১৮
২২.	এম ফার্ম	২০১৭ ও ২০১৮
২৩.	এমজেএস	২০১৭ ও ২০১৮
২৪.	এমআইটি	২০১৮
২৫.	এমএফএ	২০১৮
২৬.	এমএইএলটি	২০১৭
২৭.	এমএসসি লেদার ইঞ্জিনিয়ারিং	২০১৬
২৮.	এমএ (ইভিনিং) তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা ও ইসলামিক স্টাডিজ	২০১৮
২৯.	এমএসএস (ইভিনিং) সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট	২০১৮
৩০.	এমএসএস (ইভিনিং) লোক প্রশাসন	২০১৮
৩১.	এমএসএস (ইভিনিং) সোসিওলজী এন্ড সোস্যাল পলিসি	২০১৮
৩২.	ইএমবিএ (ইভিনিং)	২০১৭ ও ২০১৮
৩৩.	এমডিএস (ইভিনিং)	২০১৮
৩৪.	এমডিএম (এমএসএস) (ইভিনিং)	২০১৬
৩৫.	এমডিএম (এমএস) (ইভিনিং)	২০১৬
৩৬.	এমপিএ (মাস্টার্স অফ প্রফেশনাল একাউন্টিং) (ইভিনিং)	২০১৮
৩৭.	এমএএস (মাস্টার্স অফ একুচিয়ারেল সায়েন্স) (ইভিনিং)	২০১৭
৩৮.	এমপিবি (মাস্টার্স অফ প্রফেশনাল ব্যাংকিং) (ইভিনিং)	২০১৭
৩৯.	পিএমআইআর (প্রফেশনাল মাস্টার্স ইন ইন্টারন্যাশনাল রিলেশন্স) (ইভিনিং)	২০১৮
৪০.	পিএমএইচআরএম (প্রফেশনাল মাস্টার্স ইন হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট) (ইভিনিং)	২০১৮
৪১.	এমপিই (মাস্টার্স অফ প্রফেশনাল ইকোনোমিক্স) (ইভিনিং)	২০১৭
৪২.	এমপিএস (মাস্টার্স অফ পপুলেশন সায়েন্স) (ইভিনিং)	২০১৮
৪৩.	এমপিএফ (মাস্টার্স অফ প্রফেশনাল ফাইন্যান্স) (ইভিনিং)	২০১৮
৪৪.	প্রফেশনাল মাস্টার্স ইন ইন্টারন্যাশনাল ট্রেড বিজনেস	২০১৮
৪৫.	এম এড (ইভিনিং)	২০১৭
৪৬.	প্রফেশনাল মাস্টার্স ইন স্পিস এন্ড ল্যাংগুয়েজ প্যাথলজি	২০১৮
৪৭.	বিএ সম্মান (সাত কলেজ)	২০১৬
৪৮.	বিএসএস সম্মান (সাত কলেজ)	২০১৬
৪৯.	বিএস সম্মান (সাত কলেজ)	২০১৬
৫০.	বিবিএস/ বিবিএ সম্মান (সাত কলেজ)	২০১৬
৫১.	এমএ (সাত কলেজ)	২০১৪
৫২.	এমএস (সাত কলেজ)	২০১৪
৫৩.	এমএসএস (সাত কলেজ)	২০১৪
৫৪.	এমবিএস/এমবিএ (সাত কলেজ)	২০১৪
৫৫.	এমএ (সাত কলেজ)	২০১৫
৫৬.	এমএস (সাত কলেজ)	২০১৫
৫৭.	এমএসএস (সাত কলেজ)	২০১৫
৫৮.	এমবিএস (সাত কলেজ)	২০১৫
৫৯.	বিএসসি সম্মান (গার্হস্থ্য অর্থনীতি)	২০১৭
৬০.	এমএসসি (গার্হস্থ্য অর্থনীতি)	২০১৭
৬১.	বিএসসি নার্সিং (২ বছর)	২০১৮
৬২.	বিএসসি নার্সিং (৪ বছর)	২০১৮
৬৩.	বিএসসি ইন ফিজিওথেরাপী এন্ড স্পিচ ল্যাংগুয়েজ থেরাপি	২০১৮
৬৪.	বিএসসি ইন টেকনিক্যাল এডুকেশন	২০১৭
৬৫.	বিইউএমএস, বিএইচএমএস ও বিএএমএস	২০১৮ ও ২০১৯
৬৬.	বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং	২০১৭
৬৭.	বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং	২০১৭
৬৮.	বিএসসি ইন হেলথ টেকনোলজি	২০১৭
৬৯.	মাস্টার্স অব হিউম্যান সিকিউরিটি	২০১৭
৭০.	মাস্টার্স ইন মেডিকেল এডুকেশন	২০১৭
৭১.	পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মেডিকেল সায়েন্স	২০১৮
৭২.	এমবিবিএস	জুলাই, নভেম্বর ২০১৮ ও জানুয়ারি ২০১৯
৭৩.	বিডিএস	আগস্ট, ২০১৮
৭৪.	এমএস (স্নাতকোত্তর চিকিৎসা বিজ্ঞান ও গবেষণা)	২০১৮
৭৫.	এমডি (স্নাতকোত্তর চিকিৎসা বিজ্ঞান ও গবেষণা)	২০১৮
৭৬.	এমফিল মেডিকেল (স্নাতকোত্তর চিকিৎসা বিজ্ঞান ও গবেষণা)	২০১৮
৭৭.	এমএসসি ইন ফিজিওথেরাপী	২০১৮
৭৮.	এমএসসি ইন রিহেভিলিটেশন সায়েন্স	২০১৮
৭৯.	এমপিএ (মাস্টার্স ইন পাবলিক এ্যাফেয়ারস) (ইভিনিং)	২০১৮
৮০.	মাস্টার্স অফ ইকোনোমিক্স (এমইকন) ইন ডেভেলপমেন্ট ইকোনোমিক্স (ইভিনিং)	২০১৭ ও ২০১৮
৮১.	এমবিএম (মাস্টার্স ইন ব্যাংক ম্যানেজমেন্ট) (ইভিনিং)	২০১৮

উপরে উল্লেখিত পরীক্ষাসমূহে উত্তীর্ণ গ্র্যাজুয়েট ও পদকপ্রাপ্তদের ৫২তম সমাবর্তন-২০১৯ এ অংশগ্রহণের জন্য আগামী ২১ জুলাই ২০১৯ তারিখ, রবিবার, সকাল ৯টা থেকে ১৮ আগস্ট ২০১৯ তারিখ, রবিবার, রাত ১২টার মধ্যে http://convocation.du.ac.bd-এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে।

অনলাইনে আবেদন প্রক্রিয়াটি মোট ৫টি ধাপে সম্পন্ন করতে হবে। ১৮ আগস্ট ২০১৯ তারিখ, রবিবার রাত ১২টার মধ্যে অবশ্যই ১ম ধাপ সম্পন্ন করতে হবে এবং ১৯ আগস্ট ২০১৯ তারিখ, সোমবার ব্যাংকিং সময়ের মধ্যে ৩য় ধাপ সম্পন্ন করতে হবে।

অনলাইনে ফরম পূরণপূর্বক নিম্নোক্ত ফি আগামী ১৯ আগস্ট ২০১৯ তারিখ, সোমবার পর্যন্ত বিকাশ অথবা সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে (ব্যাংকিং সময়ের মধ্যে) জমা দিতে হবে এবং সমস্ত প্রক্রিয়া সম্পন্ন করে সমাবর্তনের নিবন্ধন ও সনদ উত্তোলনের আবেদন ফরম আগামী ২২ আগস্ট ২০১৯ তারিখ, বৃহস্পতিবার, বিকাল ৫টার মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে ও অধিভুক্ত সরকারি সাত কলেজের গ্র্যাজুয়েটদের স্ব-স্ব কলেজে জমা দিতে হবে।

নিবন্ধন, মূল সনদ উত্তোলন ও ট্রান্সক্রিপশন ফি :

স্নাতক (অনার্স/সম্মান/ফিজিওথেরাপী/হেলথ টেকনোলজী ও বিএসসি নার্সিং সহ অন্যান্য) গ্র্যাজুয়েট ও পদকপ্রাপ্ত	নিবন্ধন ফি ২০০০ টাকা	নিবন্ধন ফি এর সাথে মূল সনদ ফি ৩০০ টাকা এবং ট্রান্সক্রিপশন চার্জ বাবদ ২০ টাকা জমা দিতে হবে।
স্নাতকোত্তর (মাস্টার্স/সম্মান)	নিবন্ধন ফি ৩০০০ টাকা	
এমবিবিএস, বিডিএস, এমফিল, পিএইচডি, ডিবিএ, এমএস/এমডি/এমফিল (মেডিকেল), পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মেডিকেল সায়েন্স-সহ অন্যান্য	নিবন্ধন ফি ৩৫০০ টাকা	
স্নাতকোত্তর (ইভিনিং/এক্সিকিউটিভ) ডিগ্রিধারী	নিবন্ধন ফি ৫০০০ টাকা	

গ্র্যাজুয়েটদের যদি কেউ ডিগ্রির মূল সনদ পূর্বে সংগ্রহ করে থাকেন তিনি পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে মূল সনদ জমা দিয়ে সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন। সেক্ষেত্রে অনলাইনে সমাবর্তনের নিবন্ধন ও সনদ উত্তোলনের আবেদন ফরম পূরণপূর্বক হার্ড কপিসহ মূল সনদ জমা দিবেন। এক্ষেত্রে নতুন করে মূল সনদ উত্তোলন বাবদ ৩০০ টাকা জমা দেয়ার প্রয়োজন হবে না।

কস্টিউম ও গিফট্ সংগ্রহ :
আগামী ৬ ও ৭ ডিসেম্বর ২০১৯ তারিখ, শুক্রবার ও শনিবার সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত নিম্নলিখিত স্থানসমূহ হতে আমন্ত্রণপত্র, একাডেমিক কস্টিউম ও সংগ্রহ করতে হবে :

১.	কলা অনুষদ :	কলা ও আইন অনুষদভুক্ত বিভাগসমূহ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট এবং আধুনিক ভাষা ইনস্টিটিউটের গ্র্যাজুয়েটবৃন্দ।
২.	কার্জন হল কেন্দ্র :	বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদভুক্ত বিভাগসমূহ এবং পুষ্টি ও খাদ্য বিজ্ঞান, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ, তথ্য প্রযুক্তি, শক্তি, লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, হোমিওপ্যাথিক, ইউনানী, আয়ুর্বেদিক, বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং, শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহ এবং জাতীয় বস্ত্র প্রকৌশল ও গবেষণা ইনস্টিটিউটের গ্র্যাজুয়েটবৃন্দ।
৩.	বিজনেস স্টাডিজ অনুষদ :	বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহ, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট এবং ঢাকা স্কুল অব ব্যাংক ম্যানেজমেন্ট এর গ্র্যাজুয়েটবৃন্দ।
৪.	সামাজিক বিজ্ঞান অনুষদ :	সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদভুক্ত বিভাগসমূহ, সমাজকল্যাণ ও গবেষণা, স্বাস্থ্য অর্থনীতি এবং ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের গ্র্যাজুয়েটবৃন্দ।
৫.	ছাত্র-শিক্ষক কেন্দ্র:	শিক্ষা অনুষদ, চিকিৎসা অনুষদ, স্নাতকোত্তর চিকিৎসা বিজ্ঞান ও গবেষণা অনুষদ, গার্হস্থ্য অর্থনীতি কলেজসমূহের গ্র্যাজুয়েটবৃন্দ এবং এমফিল, পিএইচডি ও পদকপ্রাপ্তগণ।
৬.	ঢাকা কলেজ ক্যাম্পাস :	ঢাকা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, সরকারি বাঙলা কলেজ এবং সরকারি তিতুমীর কলেজের গ্র্যাজুয়েটবৃন্দ।
৭.	ইডেন মহিলা কলেজ ক্যাম্পাস :	ইডেন মহিলা কলেজ ও বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজের গ্র্যাজুয়েটবৃন্দ।

উক্ত তারিখ ও সময় ছাড়া আমন্ত্রণপত্র, একাডেমিক কস্টিউম ও গিফট্ প্রদান করা হবে না। কস্টিউম ও গিফট্ গ্রহণের ফরম জমা দিয়ে এবং নিবন্ধন ও সনদ উত্তোলনের আবেদন জমা দেয়ার রসিদ প্রদর্শন করে নির্ধারিত কাউন্টার থেকে আমন্ত্রণপত্র, একাডেমিক কস্টিউম ও গিফট্ সংগ্রহ করতে হবে।

মূল সনদ সংগ্রহ :
কলা অনুষদ, কার্জন হল কেন্দ্র, বিজনেস স্টাডিজ অনুষদ এবং সামাজিক বিজ্ঞান অনুষদ হতে যে সকল গ্র্যাজুয়েট একাডেমিক কস্টিউম সংগ্রহ করবেন সমাবর্তন শেষে ঐদিন অবশ্যই সংগ্রহকৃত স্থানে কস্টিউম জমা দিয়ে কস্টিউম ফেরত রসিদ ও সনদ উত্তোলনের আবেদন ফরম জমা দেয়ার রসিদ উপস্থাপন করে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস হতে মূল সনদ সংগ্রহ করবেন।

ছাত্র-শিক্ষক কেন্দ্র হতে যে সকল গ্র্যাজুয়েট কস্টিউম সংগ্রহ করবেন তারা ঐদিনই ছাত্র-শিক্ষক কেন্দ্রে কস্টিউম জমা দিয়ে কস্টিউম ফেরত রসিদ ও সনদ উত্তোলনের আবেদন ফরম জমা দেয়ার রসিদ উপস্থাপন করে ছাত্র-শিক্ষক কেন্দ্র হতেই মূল সনদ সংগ্রহ করবেন।

অধিভুক্ত সরকারি সাত কলেজের গ্র্যাজুয়েটগণ সমাবর্তন অনুষ্ঠান স্থলে (কস্টিউম সংগ্রহের স্থান) কস্টিউম জমা দিয়ে কস্টিউম ফেরত রসিদ ও সনদ উত্তোলনের আবেদন ফরম জমা দেয়ার রসিদ উপস্থাপন করে সেখান থেকেই মূল সনদ সংগ্রহ করবেন।

সমাবর্তন রিহার্সেল (মহড়া) ও সমাবর্তন অনুষ্ঠান :
৫২তম সমাবর্তন অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে ৮ ডিসেম্বর, ২০১৯ তারিখ, রবিবার অপরাহ্ন ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা কেন্দ্রের খেলার মাঠে সমাবর্তনের রিহার্সেল (মহড়া) অনুষ্ঠিত হবে। অধিভুক্ত সরকারি ৭টি কলেজের ক্ষেত্রে একই সময়ে ঢাকা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, সরকারি বাঙলা কলেজ এবং সরকারি তিতুমীর কলেজের রিহার্সেল (মহড়া) ঢাকা কলেজ ক্যাম্পাসে এবং ইডেন মহিলা কলেজ ও বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজের রিহার্সেল (মহড়া) ইডেন মহিলা কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য অপরাহ্ন ৩টার মধ্যে প্যান্ডেলে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।

৯ ডিসেম্বর, ২০১৯ তারিখ, সোমবার নির্ধারিত সময়ের মধ্যে (সময় পরবর্তীতে জানানো হবে) সমাবর্তন অনুষ্ঠানস্থলে প্রবেশ করে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে। সমাবর্তন অনুষ্ঠানের আমন্ত্রণপত্র ছাড়া অনুষ্ঠানস্থলে প্রবেশ করা যাবে না। গ্র্যাজুয়েট ও পদকপ্রাপ্তদের বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট একাডেমিক কস্টিউম (পোশাক) পরিধান ছাড়া ৮ ডিসেম্বর, ২০১৯ তারিখ, রবিবার সমাবর্তন রিহার্সেলে এবং ৯ ডিসেম্বর, ২০১৯ তারিখ, সোমবার অনুষ্ঠেয় সমাবর্তনে অংশগ্রহণ করা যাবে না।

মাননীয় চ্যান্সেলর সমাবর্তন প্যান্ডেলে প্রবেশ করে মঞ্চে আসন গ্রহণ না করা পর্যন্ত সমাবর্তনে অংশগ্রহণকারীদের নিজ নিজ আসনের সামনে দাঁড়িয়ে থাকতে হবে এবং সমাবর্তন শেষে সমাবর্তনস্থল ত্যাগ না করা পর্যন্ত নিজ নিজ আসনে থাকতে হবে।

বিশেষ দ্রষ্টব্য :

- ➢ একাডেমিক কস্টিউম ধোলাই বা ইস্ত্রি করা যাবে না।
- ➢ নির্ধারিত তারিখের মধ্যে কস্টিউম ফেরত না দিলে আর্থিক জরিমানা দিতে হবে।
- ➢ আমন্ত্রণপত্র হস্তান্তরযোগ্য নয়।
- ➢ মোবাইল ফোন, হ্যান্ডব্যাগ, ছাতা, পানির বোতল ও ক্যামেরা নিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করা যাবে না।
- ➢ অনুষ্ঠানস্থলে আমন্ত্রণপত্র ছাড়া কোন অতিথি প্রবেশ নিষেধ।
- ➢ অনুষ্ঠানস্থলে প্রবেশের পর বাইরে যাওয়া-আসা না করাই সমীচীন।

অনলাইনে আবেদন ও টাকা জমা দেয়া সংক্রান্ত তথ্যাদি

৫২তম সমাবর্তন-২০১৯ এর রেজিস্ট্রেশন ফি অনলাইনে বিকাশ এবং সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে প্রদান করতে হবে। এই প্রক্রিয়াটি ৫টি ধাপে সম্পন্ন করতে হবে। ৫ম ধাপ সম্পন্ন হবার পরই কেবল রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন বলে বিবেচিত হবে। রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন না করে কোনভাবেই সমাবর্তনে অংশ নেয়া যাবেনা।

ধাপ-১: ৫২তম সমাবর্তনে অংশগ্রহণে আগ্রহী গ্র্যাজুয়েটকে প্রথমে http://convocation.du.ac.bd ঠিকানায় গিয়ে সাইন আপ বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করার মাধ্যমে একটি একাউন্ট খুলতে হবে। এ পর্যায়ে তার সরবরাহকৃত ই-মেইল এড্রেসে একটি লিংক চলে যাবে। ঐ লিংকে ক্লিক করার মাধ্যমেই কেবল পরবর্তী ধাপে যাওয়া যাবে। ১৮ আগস্ট ২০১৯, রবিবার রাত ১২টার পর আর সাইন-আপ করা যাবে না।

ধাপ-২: এই ধাপে গ্র্যাজুয়েট তার সকল তথ্য সরবরাহ করবেন। ৩য় ধাপে যাবার জন্য "Proceed to Payment" বাটনে ক্লিক করতে হবে। অসম্পূর্ণ আবেদন সেভ করে রাখা যাবে এবং পরবর্তী সময় http://convocation.du.ac.bd ঠিকানায় গিয়ে লগ-ইন করার মাধ্যমে এই ধাপে ফিরে এসে বাকি তথ্য সরবরাহ করা যাবে। লগ-ইন করার জন্য ধাপ-১এ নির্ধারণ করা User Name ও পাসওয়ার্ড ব্যবহার করতে হবে। ৩য়, ৪র্থ ও ৫ম ধাপে থাকা আবেদনকারীও লগ-ইন করে যথাক্রমে উক্ত ধাপগুলোতে ফিরে আসতে পারবেন।

ধাপ-৩: এই ধাপে গ্র্যাজুয়েটবৃন্দ প্রথমে পেমেন্ট মেথড নির্ধারণ করবেন। বিকাশ এর মাধ্যমে পেমেন্ট করতে চাইলে বিকাশের ওয়েবসাইটে নিয়ে যাওয়া হবে। সেখান থেকে যেকোন বিকাশ একাউন্টের মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে পেমেন্ট করতে চাইলে একটি পে-স্লিপ জেনারেট করা হবে। এই পে-স্লিপটি প্রিন্ট করে সোনালী ব্যাংকের যেকোন শাখায় (ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ব্যতীত) ফি জমা দেয়া যাবে। পে-স্লিপের আবেদনকারীর অংশটি পরবর্তী ধাপগুলোতে ব্যবহারের জন্য যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে। ফি জমা হয়ে গেলে আবেদনকারী স্বয়ংক্রিয়ভাবে ৪র্থ ধাপে পৌঁছে যাবেন।

ধাপ-৪: ৪র্থ ধাপে থাকা আবেদনকারী "Generate Forms and Receipts" বাটনে ক্লিক করার মাধ্যমে ৫ম ধাপে যেতে পারবেন। ৩য় ও ৪র্থ ধাপে থাকা আবেদনকারী "CorrectInfo" বাটনে ক্লিক করে নির্দিষ্ট কিছু তথ্য সংশোধন করতে পারবেন। অসংশোধনযোগ্য তথ্যে ভুল থাকলে রেজিস্ট্রেশন প্রক্রিয়া নতুন করে শুরু করতে হবে। ৫ম ধাপে পৌঁছে যাওয়া আবেদনকারী কোন ক্রমেই তার প্রদেয় তথ্য সংশোধন করতে পারবেন না।

ধাপ-৫: এই ধাপে আবেদনকারী নিম্নলিখিত আবেদনপত্র ও রশিদসমূহের pdf ফাইল ডাউনলোড করতে পারবেন:
(ক) সমাবর্তনের নিবন্ধন এবং মূলসনদ উত্তোলনের আবেদনপত্র (খ) আবেদনপত্র জমাদানের রশিদ (গ) কস্টিউম গ্রহণের ফরম (ঘ) গ্রহণকৃত কস্টিউম ফেরত দেয়ার রশিদ (ঙ) গিফট গ্রহণের ফরম চ) ফি জমা দেয়ার রশিদ (শুধুমাত্র বিকাশের মাধ্যমে ফি জমাদানকারীদের জন্য)।

৫২তম সমাবর্তনে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েট তার স্ব-স্ব প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের মাধ্যমে সকল প্রক্রিয়া সম্পন্নের পর ফি জমা দেয়ার রশিদ/পে-স্লিপের আবেদনকারীর অংশসহ সনদ উত্তোলনের আবেদন ফরমটি আগামী ২২ আগস্ট ২০১৯ তারিখ, বৃহস্পতিবার, বিকাল ৫টার মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩০৯ নম্বর কক্ষে জমা দিবেন। তবে অধিভুক্ত সরকারি ৭(সাত) কলেজের সমাবর্তনে অংশগ্রহণকারী গ্র্যাজুয়েট ফি জমাদান রশিদ/পে-স্লিপের আবেদনকারীর অংশসহ তার আবেদন ফরমটি উক্ত সময়ের মধ্যে স্ব-স্ব কলেজে জমা দিবেন।

রেজিস্ট্রার
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং-রেজি/প্রশা-৩/১৪৪০১-সি

তারিখ: ৩/৪/১৪২৬ বঙ্গাব্দ
১৮/৭/২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) ঃ-

১. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২. প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, সকল হল ও হোস্টেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩. চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪. পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫. ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও, সোনালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৬. জেনারেল ম্যানেজার, আইটি ডিভিশন, সোনালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৭. সকল কনস্টিটুয়েন্ট কলেজের অধ্যক্ষ / ইনস্টিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৮. অধ্যক্ষ, ঢাকা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, ইডেন মহিলা কলেজ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, সরকারি বাঙলা কলেজ এবং সরকারি তিতুমীর কলেজ, ঢা.বি.।
৯. প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১০. সকল অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১১. পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১২. ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখা (প্রশাসনিক ভবন)।
১৩. সকল ডেপুটি রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৪. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, উপাচার্যের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৫. ডেপুটি রেজিস্ট্রার, প্রো-উপাচার্যের অফিস (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৬. ডেপুটি রেজিস্ট্রার, প্রো-উপাচার্যের অফিস (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৭. সহকারী রেজিস্ট্রার, কোষাধ্যক্ষের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৮. সেকশন অফিসার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৯. নোটিশ বোর্ড, প্রশাসনিক ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়।

সৈয়দা মাসুদা আক্তার
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)
ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোন ঃ ৯৬৬১৯০০-৫৯/৪০৩৭